

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপত্র(৫ম খন্ড)/২০১৯/৩০৪

তারিখঃ

০১ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ  
১৫ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৮২৭ তম কমিশন সভা অদ্য ১৫/০৬/২০২২ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছেঃ-

০১. কমিশন অদ্যকার সভায়, Global Islami Bank Limited এর প্রতিটি ১০ টাকা ইস্যু মূল্যের ৪২৫,০০০,০০০ টি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার প্রস্তাব অনুমোদন করেছে। এই IPO এর মাধ্যমে কোম্পানিটি ৪২৫ (চারশত পঁচিশ) কোটি টাকা পুঁজি উত্তোলন করে এসএমই, সরকারি সিকিউরিটিজ ও পুঁজিবাজারে তালিকাভুক্ত সিকিউরিটিজে বিনিয়োগ এবং প্রাথমিক গণ প্রস্তাবের ব্যয় নির্বাহ করবে। কোম্পানিটির ৩০ শে সেপ্টেম্বর, ২০২১ তারিখে সমাপ্ত নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী পুনঃমূল্যায়ন ছাড়া নেট এ্যাসেটভ্যালু (NAV without revaluation) ১৪.৪২ টাকা (কোম্পানিটি কোন সম্পদ পুনঃমূল্যায়ন করেনি) ও শেয়ার প্রতি আয় ১.৯১ টাকা এবং বিগত ০৫(পাঁচ) বছরের ভারিত গড় হারে শেয়ার প্রতি আয় (Weighted average EPS) ১.০৮ টাকা। কোম্পানিটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে লংকাবাংলা ইনভেস্টমেন্টস লিমিটেড এবং প্রাইম ব্যাংক ইনভেস্টমেন্ট লিমিটেড। উল্লেখ্য বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী, কমিশন গ্লোবাল ইসলামী ব্যাংকের আবেদনের প্রেক্ষিতে ও প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান বিষয়ক জাতীয় স্টিয়ারিং কমিটির নির্দেশনা অনুযায়ী, গ্লোবাল ইসলামী ব্যাংককে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (পাবলিক ইস্যু) রুলস, ২০১৫ এর ধারা ৬(১) হতে অব্যাহতি প্রদানপূর্বক প্রাথমিক গণপ্রস্তাবের ২৫% শেয়ার অভিবাসী কর্মীদের জন্য বরাদ্দ রেখে প্রাথমিক গণপ্রস্তাবের অবশিষ্ট অংশের ৭৫% এনআরবি ব্যতিত সাধারণ বিনিয়োগকারীদের মাঝে এবং ২৫% যোগ্য বিনিয়োগকারীদের মাঝে বণ্টনের সিদ্ধান্ত ইতিমধ্যে গৃহীত হয়েছে। এছাড়াও সিদ্ধান্ত মোতাবেক অভিবাসী কর্মীদের কর্তৃক ২৫% আইপিও শেয়ার সাবস্ক্রিপশন (Supscription) পরিপূর্ণ না হলে, আনসাবস্ক্রাইন্ড (UnSubscribed) অংশ অন্যান্য সাধারণ বিনিয়োগকারীদের মাঝে আনুপাতিক হারে বণ্টন করা হবে।

15-06-2022

মোহাম্মদ রেজাউল করিম  
নির্বাহী পরিচালক ও মুখপাত্র